

শিক্ষকরাই যদি নকল করেন তাহলে শিক্ষার ভবিষ্যৎ কী?

রেজানুর রহমান ॥ যারা শ্রেণীকক্ষে পড়াবেন তারা যদি নকল করে পরীক্ষা দেন তাহলে শিক্ষার ভবিষ্যৎ কী? গত শুক্রবার সরকারী প্রাথমিক স্কুলে শিক্ষক নিয়োগ পরীক্ষায় দেশের বিভিন্ন স্থানে প্রশ্ন ফাঁস, একজনের হয়ে অন্যজনে পরীক্ষা দেয়া ও প্রকাশ্যে নকল করার ঘটনায় অভিভাবক ও সুধী মহলে এই প্রশ্ন দেখা দিয়েছে। দিনাজপুর, ঠাকুরগাঁও, রংপুর, নীলফামারী, নওগাঁসহ বিভিন্ন স্থানে পরীক্ষার

আগেই প্রশ্ন ফাঁস হয়ে যায়। চট্টগ্রাম, খুলনা, বরিশাল, লক্ষ্মীপুর, বগুড়া, ঝিনাইদহ, নড়াইল, মির্জাপুর, বরগুণায় শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকল করার দায়ে ১৭ জনকে বহিষ্কার করা হয়। ভূয়া পরীক্ষার্থী হিসেবে বহিষ্কৃত হন ৪৬ জন। এদের মধ্যে প্রশাসনিক কর্মকর্তাও রয়েছেন। শিক্ষক নিয়োগ পরীক্ষার মত একটি গুরুত্বপূর্ণ পরীক্ষায় প্রশ্ন ফাঁস, (২য় পৃষ্ঠা থেকে কপি করা)

শিক্ষকরাই যদি নকল

(প্রথম পৃঃ পর)

নকলবাজি, প্রস্তুতি দিয়ে পরীক্ষা দেয়ার মত ন্যাকারজনক ঘটনার পরও গতকাল সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা দফতর থেকে কোন বক্তব্য পাওয়া যায়নি। তবে একটি সূত্র জানায়, প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় প্রশ্ন ফাঁস, প্রস্তুতি দিয়ে পরীক্ষা দেয়া এবং বিভিন্ন অনিয়ম তদন্তের জন্য গতকালই জেলা প্রশাসকদের নির্দেশ দেয়া হয়েছে। জেলা প্রশাসনের প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের ডিজিটেল টিমের রিপোর্টের ভিত্তিতে যথাশীঘ্র সম্ভব বিভিন্ন কেন্দ্রের পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত ঘোষণা করা হবে।

এদিকে শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকলের ঘটনায় অভিভাবকদের অনেকেই উদ্বেগ প্রকাশ করেছেন। উত্তর শাহজাহানপুর থেকে শামসুন্নাহার বেগম নামে একজন অভিভাবক উৎকণ্ঠার সাথে বলেছেন, যারা বাচ্চাদের শেখাবেন 'সদা সত্য কথা বলবে, অন্যায় কর্মকাণ্ডে লিপ্ত হবে না, পরীক্ষায় নকল করবে না' তারা যদি পরীক্ষায় নকল করেন তাহলে আমরা কার ওপর ভরসা করব? এদিকে বিভিন্ন স্থানে নকল করে পরীক্ষা দেয়ার ঘটনার পরও স্থানীয় কর্তৃপক্ষ কোন প্রকার প্রতিক্রিয়া ব্যক্ত করেননি। বরং পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর বিভিন্ন পর্যায়ে 'ধরাধরি' শুরু হয়েছে। শুক্রবার প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকল ও প্রস্তুতি দিয়ে পরীক্ষা দেয়ার ঘটনার প্রেক্ষিতে ইন্সপেক্টর অফিস ও সংবাদদাতাদের পাঠানো খবর ছিল নিম্নরূপঃ

চট্টগ্রাম অফিস ॥ ১১ জন ভূয়া পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। ভূয়া পরিচয় ও ছবি ধারণ করে প্রতারণামূলকভাবে জালিয়াতির মাধ্যমে অন্যের পরীক্ষা দেয়াকালে তাদেরকে আটক করা হয়। তাদের পুলিশে দেয়া হয়েছে।

লক্ষ্মীপুর ॥ পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও অসদাচরণের অভিযোগে প্রোফতারকৃত ৩ জন এখন জেলহাজতে।

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে ॥ এখানে শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়। ২৫০ জন শিক্ষক নিয়োগ করা হবে। পরীক্ষা দিয়েছে ১০২৭৩ জন।

টাঙ্গাইল সংবাদদাতা ॥ শুক্রবার অনুষ্ঠিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগের লিখিত পরীক্ষায় অন্যের হয়ে প্রস্তুতি দেয়ার সময় ছ'জন মহিলাসহ সাতজনকে প্রোফতার করা হয়েছে।